# বিদ‘আত ও এর মন্দ প্রভাব

বিভাগ/অধ্যায়ঃ দ্বীনি চাকুরীর ক্ষেত্রে বিদ‘আতীদেরকে চাকুরী দেওয়ার হুকুম

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: আমাদের ইয়ামানে কিছু লোক মাসজিদ তৈরী করে, তারা সকলেই ভালোলোক, সুন্নাত কি তারা তেমন বুঝে না কিন্তু ঐ মাসজিদ তৈরীর কাজে বিদ‘আতীদেরকে নিযুক্ত করে থাকে অর্থাৎ তাদের আকীদা ভ্রান্ত এবং আহলে সুন্নাতগণ সেখানে ভিড় জমায় এবং তা জোরে দখল করে তারা কাজ নেয়, এর হুকুম কি?

উত্তর: যে কোনো কাজ হিকমতের সাথে করতে হবে জোরে নয়, অথবা দায়িত্বশীলদের সাথে সমঝোতার মাধ্যমে আহলে সুন্নাত ও জামায়াতের লোকদের নিয়োগ করতে হবে যেন কোনো মতপার্থক্য বা ফেতনা সৃষ্টি না হয়। আর যদি মাসজিদ বিদ‘আতীরা করে থাকে তবুও কৌশলে কাজ নিতে হবে যেন ফেতনা সৃষ্টি না হয়, তা না হলে তারা বলবে: আমরা মাসজিদ বানাবো তোমরা জোর করে দখল করবে কেন? পারলে তোমরাও বানাও। তাদের উচিৎ হলো: তারা যেন ধীরস্থিরে এ কাজগুলো করে যাতে আহলে সুন্নাতগণ ইমামতি এবং মুয়াজ্জিনের দায়িত্ব পালন করতে পারে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11038

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন